দৈনিক ইত্তেফাক

তারিখ 31 MAY 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

15

### শিক্ষার বিনিময়ে খাদ্য

## শিক্ষকরা ব্যস্ত থাকেন গম ও খাতাপত্র লইয়া

ভৈরব সংবাদদাতা ।। ভৈরব থানায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী ভেস্তে যাওয়ার উপক্রম হইয়াছে। দুই হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা নিশ্চিত করার জন্য চালু এই কর্মসূচী অনিয়ম ও অব্যবস্থায় বিরাজ করিতেছে বলিয়া অভিভাবক মহলের অভিযোগ উঠিয়াছে।

অভিযোগে প্রকাশ, গম ও খাতাপত্র বিতরণের কাজে ব্যস্ত থাকায় শিক্ষকরা ঠিকমত ক্লাস নিতে পারেন না। শিক্ষকরা গম বিতরণ ও রেকর্ডপত্র সংরক্ষণের কাজে বেশী সময় ব্যস্ত থাকেন।

(৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

### শিক্ষার বিনিময়ে খাদ্য

( ৩য় পৃঃ পর )

কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ে সরেজমিনে অনুসন্ধান করিয়া জানা যায়, ছাত্ররা বয়স কমাইয়া শুধুমাত্র গমের জন্য স্কুলে ভর্তি হইতেছে। একজন ছাত্র মাসে ১৫ কেজি গম পায়। সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, প্রকল্প আওতাধীন প্রতিটি স্কুলের দুইজন শিক্ষককে প্রতি মাসে গম উত্তোলনের জন্য থানা পরিষদে প্রতিনিয়ত যাতায়াত করিতে হয়।